



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)




পত্র নং-১০০০

তারিখ: ১৮/০৬/২০২০

## কারণ দর্শানো নোটিশ

বিষয়: বিধি বহির্ভূতভাবে ট্রাস্ট কলেজ (EIIN: 134221) কর্তৃক বিভিন্ন উপায়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অনলাইনে/ম্যানুয়াল ভর্তি এবং ভর্তি প্রচার-প্রচারণার জন্য কারণ দর্শানো সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান নিজস্ব অনলাইনে কিংবা ফেসবুকের মাধ্যমে ভর্তি এবং ভর্তির বিজ্ঞপ্তি প্রচার করছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যা ভর্তি নীতিমালা ২০২০-২১ এর পরিপন্থী এবং একই সঙ্গে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর ওয়েব সাইটে আন্তঃ শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিত ১৪/০৬/২০২০ তারিখের সতর্কীকরণ বিজ্ঞপ্তির সুস্পষ্ট লংঘন। অবিলম্বে এ ধরনের ভর্তি, ভর্তির বিজ্ঞপ্তি ও প্রচার-প্রচারণা বন্ধের নির্দেশ দেয়া হলো এবং পত্র ইস্যুর তারিখ হতে ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে উপযুক্ত কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৮.০৬.২০২০

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ

ট্রাস্ট কলেজ (EIIN: 134221), উত্তরা, ঢাকা।

অনুলিপিঃ

সভাপতি, ট্রাস্ট কলেজ (EIIN: 134221), উত্তরা, ঢাকা।